

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুপারিনটেনডেন্ট এর কার্যালয়
টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট
শ্রীপুর, গাজীপুর।

Website: tvi.sreepur.gazipur.gov.bd

E-mail: tvisreepur19@gmail.com

ভিশন ও মিশন:

টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, এর ভিশন ও মিশন:

ভিশন: দেশীয় ও আন্তর্জাতিক বস্ত্রখাতের চাহিদা পূরণে দক্ষ জনবল গড়ে তোলা।

মিশন: গুণগত মানসম্পন্ন বস্ত্র শিক্ষা প্রদান ও হাতে কলমে প্রশিক্ষনের মাধ্যমে বস্ত্রখাতের চাহিদা পূরণের পাশাপাশি আন্তর্জাতিক শ্রম বাজারে দক্ষ জনবল রপ্তানী করা।

টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট এর কার্যাবলী:

১. টিভিআইতে ৪টি (i. উইভিং, ii. নিটিং, iii. ড্রেসমেকিং এবং iv. ডাইং প্রিন্টিং ও ফিনিশিং) ট্রেড পড়ানো হয়, যা একজন দক্ষ বস্ত্র প্রকৌশলী তৈরি তে খুবই গুরুত্বপূর্ণ। অর্থাৎ প্রাথমিক ভিত্তিটা টিভিআই থেকে শুরু হয়;
২. ঝরে পড়া শিক্ষার্থীদের কর্মমুখী প্রশিক্ষনের মাধ্যমে স্বাবলম্বী করে তোলার জন্য হাতে কলমে শিখানো হয়;
৩. কর্মমুখী শিক্ষার মাধ্যমে নারী ক্ষমতায়নে ভূমিকা রাখতে টিভিআই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে;
৪. টেক্সটাইল বিষয়ক তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান সম্বলিত শিক্ষা কার্যক্রম পরিচালনা করা;
৫. স্লোর লেবেলের জনবল তৈরীর জন্য অত্যাধুনিক ল্যাব, ওয়ার্কশপ ও যন্ত্রপাতির যথাযথ ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে কলমে দক্ষ করা;
৬. বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের সাথে ইন্টারশিপ ও পরিদর্শন নিশ্চিত করার কার্যক্রম গ্রহণ করা।
৭. বাজারের চাহিদা অনুযায়ী কারিকুলাম তৈরী ও যুগোপযোগী করণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর সাথে সমন্বয় করা;
৮. শিক্ষার্থীদের মধ্যে নৈতিকতা, নেতৃত্ব গুণাবলি ও পেশাদার মনোভাব সৃষ্টি করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।